www.xtrapapers.com

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2013**

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

*1220693757*

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **9** printed pages and **3** blank pages.

DC (SJF/JF) 67957/2
© UCLES 2013

UNIVERSITY of CAMBRIDGE International Examinations

www.xtrapapers.com



## Section A
## বিভাগ : ক

**A1 Separation/Combination of Words** [10]

সন্ধিবিচ্ছেদ / সন্ধি

*নিচে দেওয়া শব্দগুলোর সন্ধি কর। প্রদত্ত উত্তরপত্রে তোমার উত্তর লেখ।*

**1** সম্ + শোধন
**2** অন্তঃ + ঈক্ষ
**3** উৎ + হৃত
**4** গো + আদি
**5** নিন্দা + উক

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচের বাক্যগুলোতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলো পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা, প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

**6** এত প্রস্তুতি সত্ত্বেও তোমার কাজটা হল না, এটা ________ ছাড়া আর কী!

**7** তার অমায়িক আচরণে বোঝা যায় না এত দুষ্কর্মে সে লিপ্ত, কথায় আছে ________ ।

**8** ________ হচ্ছে, দেখো আবার ধরা পড়লে কিন্তু মহাবিপদ!

**9** ছোটবেলার বন্ধুর সঙ্গে দেখছি এখন তোমার ________ সম্পর্ক, ব্যাপারটা কী?

**10** এই শান্ত ছেলেটি যেন ________ , জনসমুদ্রে চমৎকার গান গেয়ে সবাইকে তাক লাগিয়ে দিল।

**(1)** কলুর বলদ
**(2)** ইঁদুর কপালে
**(3)** বিড়ালের ভাগ্যে শিকে ছেঁড়া
**(4)** চকচক করলেই সোনা হয় না
**(5)** ভালো-মন্দ
**(6)** নিজের ঢাক নিজে পেটানো
**(7)** ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া
**(8)** সাপে-নেউলে
**(9)** চোরে চোরে মাসতুতো ভাই
**(10)** ছাই চাপা আগুন

www.xtrapapers.com



## A3 Sentence Transformation [10]

বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে পূরণ করে তোমার উত্তরপত্রে সম্পূর্ণ বাক্যটি এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।*

**11** আজ বাস ধর্মঘটের ফলে শহরের কোনো স্কুল খোলা ছিল না।

________________________________ ছিল।

**12** কে না ম্যাজিক দেখতে ভালোবাসে?

ম্যাজিক ________________________________ ।

**13** আজকাল খাঁটি জিনিস দুর্লভ।

________________________________ না।

**14** লেখাপড়ায় পুরোপুরি মনোনিবেশ করলে তবেই ভালো ফল আশা করা যায়।

________________________________ করতে হবে।

**15** আবহাওয়া দপ্তর জানাল, "আজ তুমুল ঝড়বৃষ্টির সম্ভাবনা।"

আবহাওয়া ________________________________ ।

www.xtrapapers.com



## A4 Cloze Passage [20]

ক্লোজ পরিচ্ছেদ

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলো পূরণের জন্য নিচে কতগুলো শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য এর মধ্যে থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

পৃথিবীর উষ্ণতা বাড়ছে, প্রাকৃতিক বিপর্যয়ের সংখ্যাও সমানতালে বেড়ে চলেছে। উত্তর __16__ এককালে নিসর্গচিত্র ছিল ঘন বরফে আবৃত, আজ তার __17__ সেখানে দেখা যায় বরফের হালকা __18__ মাত্র। পৃথিবীর __19__ দেশে তাপমাত্রা ক্রমশ বেড়ে চলেছে আর প্রাকৃতিক __20__ যেমন ঘূর্ণিঝড়, সুনামি, খরা, বন্যা - এসব আমাদের নিত্যনৈমিত্তিক সংবাদের __21__ হয়ে দাঁড়িয়েছে।

পরিবেশপ্রেমী সংস্থাগুলো ইতিমধ্যে নানান কর্মসূচীর __22__ বিশ্ববাসীকে পরিবেশ-সচেতন করে তোলার __23__ চেষ্টা চালিয়ে যাচ্ছে। এর ফলে প্রাকৃতিক বিপর্যয়ের প্রভাব __24__ পাবে এবং দুর্যোগকবলিত মানবগোষ্ঠী __25__ এই অবস্থার মোকাবেলা করতে পারবে। প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে মানবসমাজের পক্ষ থেকে প্রতিরোধমূলক বিভিন্ন পদক্ষেপ নেওয়া সত্ত্বেও প্রকৃতির এই ভাঙ্গা-গড়ার খেলা তার নিজস্ব নিয়মেই চলবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | বৃদ্ধি | (6) | অক্লান্ত | (11) | সহজেই |
| (2) | শিরোনাম | (7) | দুর্যোগ | (12) | মাধ্যমে |
| (3) | বদলে | (8) | মেরুতে | (13) | নিচে |
| (4) | হ্রাস | (9) | প্রচার | (14) | মোটেই |
| (5) | আস্তরণ | (10) | আরাম | (15) | বিভিন্ন |

© UCLES 2013 

www.xtrapapers.com



**BLANK PAGE**

**TURN OVER FOR SECTION B**

© UCLES 2013

www.xtrapapers.com



## Section B

## বিভাগ : খ

*অনুচ্ছেদটি ভালভাবে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দাও।*

### ফেইসবুক

এক সীমান্তহীন নতুন দেশ যেখানে লোকসংখ্যা খুব দ্রুতহারে বেড়েই চলেছে। জনসংখ্যার বিচারে এই দেশ এখন পৃথিবীর তৃতীয় বৃহত্তম। এই দেশের নাগরিকত্ব অনায়াসেই পাওয়া যায়। এক জনপ্রিয় দেশ তথা সামাজিক ওয়েব হল ফেইসবুক। ফেইসবুক আমাদেরকে কখনও হাসায়, কখনও কাঁদায় আবার কখনও শিহরিত করে। কী না হয় এখানে, প্রবাসে থাকা ভাইপো-ভাইঝির প্রথম পা ফেলা থেকে শুরু করে বহুদিনের হারিয়ে যাওয়া কোনও বন্ধুকে ফিরে পাওয়া, বন্ধুর ছবির এ্যালবামে স্বচ্ছন্দে বিচরণ করা, কখনও বা প্রিয়জনের মৃত্যুর খবরে খুব দ্রুতগতিতে শোক প্রকাশ সবই সম্ভব এই ফেইসবুক দেশে।

হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের স্নাতকের ছাত্র মার্ক জাকারবার্গ একদিন ছাত্রাবাসে বসে আর পাঁচজন আমেরিকান ছাত্রদের মতোই তাঁর সহপাঠী ছাত্রদের সাথে যোগাযোগ রাখতে গিয়ে আবিষ্কার করে ফেলেন এই ফেইসবুক। পরে তা হার্ভার্ড ক্যাম্পাসের মধ্যে সীমাবদ্ধ না থেকে ছড়িয়ে পড়ে অন্যান্য কলেজ ক্যাম্পাসে, তারপর তড়িৎগতিতে হাই স্কুল, বিদেশি স্কুল এবং অফিস-আদালতে। ক্রমশ দেখা গেল ভৌগোলিক অবস্থান নির্বিশেষে যেকেউই হতে পারে এই ফেইসবুকের সদস্য। আত্মপ্রকাশের মাত্র কয়েক বছর পরেই ওয়েবজগতের দুই পরাশক্তি মাইক্রোসফট ও গুগলের সঙ্গে একই সারিতে নিজের স্থান পাকাপোক্ত করে নিয়েছে এই প্রতিষ্ঠান।

এ যেন এক বৈঠকখানা, সবাই এখানে লাগামহীনভাবে বন্ধু অথচ এই বন্ধুত্বে কোনও অন্তরঙ্গতা নেই। যেকেউ যেকারও সঙ্গে আড্ডায় মশগুল হয়ে দীর্ঘ সময় কাটাতে পারে। সেখানে নেই কোনও বাধা, শুধুমাত্র সদস্য হলেই চলবে। আমাদের আহ্লাদে আটখানার হওয়ার খবর, বন্ধুর সতর্কবাণী, কখনও বা তির্যক উক্তি সবই ছাড়া হচ্ছে অনলাইনে। এসব তথ্য আন্তর্জালের মহাসমুদ্রে ভেলার মতো ভেসে বেড়ায়। ফলে এসব ব্যক্তিগত খবরের ভেলায় আমাদের কোনও নিয়ন্ত্রণ নেই, নেই কোনও গোপনীয়তাও। আর এভাবেই সংযোগ তৈরি হয়ে যায় চেনা-অচেনা অনেকের সঙ্গে, কোনোভাবেই তা আমরা বন্ধ করতে পারি না, সেখানেই আমাদের বিপত্তি।

বিশ্বের যেকোনো প্রান্ত থেকে অনায়াসেই এই ফেইসবুকে বিচরণ ও পারস্পরিক যোগাযোগ রাখার সুবিধে থাকা সত্ত্বেও আমাদের মানবিক সম্পর্কের আন্তরিকতা বজায় রাখতে ফেইসবুক কিন্তু আজও অক্ষম। বিভিন্ন তথ্য আদান-প্রদানের জন্য ফেইসবুক অনন্য হলেও আমাদের জীবন তো শুধুমাত্র তথ্যনির্ভর নয়, আর আমাদের পারস্পরিক সম্পর্কগুলো যেমন তথ্য আদান-প্রদানের মধ্যে সীমাবদ্ধ নয় আবার আমাদের পছন্দ-অপছন্দের ব্যাপারে কাগজে কলমে লিখিত সিদ্ধান্ত নেওয়ার উপরও নয় বা কারও সঙ্গে বন্ধুত্ব স্থাপন ও বন্ধুত্ব থেকে সরে আসার ভিত্তিতে গড়া নয়। ফেইসবুকে একটি ছবির মাধ্যমে আমরা যতই বিস্তারিতভাবে নিজেদেরকে প্রকাশ করি না কেন এতে কিন্তু আমাদের আসল পরিচয় কোনোভাবেই প্রকাশ পায় না তাই ফেইসবুকে প্রকাশিত পরিচিতির সঙ্গে আমাদের বাস্তব পরিচয় এক করে ফেলাটা খুবই ভুল হবে।

www.xtrapapers.com



**B5 MCQ Comprehension** [14]

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

*প্রত্যেক প্রশ্নের চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরের সংখ্যাটি বেছে উত্তরপত্রে লেখ।*

26 ফেসবুককে পৃথিবীর তৃতীয় বৃহত্তম দেশ হিসেবে বর্ণনা করা হয়েছে, কারণ

(1) যেকেউ এই দেশের নাগরিক হতে পারে।
(2) এই দেশের লোকসংখ্যা দ্রুত বেড়ে চলেছে।
(3) পৃথিবীতে এর চেয়ে জনবহুল আরও দু'টি দেশ রয়েছে।
(4) এই দেশটি সীমান্তহীন ও জনপ্রিয়।

27 প্রথম অনুচ্ছেদ অনুসারে ফেসবুকের অভিনবত্ব এভাবেই প্রকাশ পায় যে -

(1) এখানে সব লোকের বিস্তারিত খবর জানা যায়।
(2) এখানে ছবির এ্যালবাম, ভিডিও পোষ্ট করা যায় যা অন্যান্য সামাজিক নেটওয়ার্কে সম্ভব নয়।
(3) এটিই একমাত্র ওয়েবসাইট যেখানে ভাইপো-ভাইঝিদের সঙ্গে যোগাযোগ রাখা যায়।
(4) এটি তার সদস্যদেরকে সবসময়ই রোমাঞ্চিত ও খুশি রাখে।

28 দ্বিতীয় অনুচ্ছেদ অনুযায়ী কোন তথ্যটি সঠিক?

(1) শুধুমাত্র হাইস্কুল, বিদেশি স্কুল ও কলেজের ছাত্রছাত্রীরা এর সদস্য হতে পারে।
(2) হার্ভার্ড কলেজের ছাত্রাবাসে ফেসবুক সর্বপ্রথম আত্মপ্রকাশ করে।
(3) শুধুমাত্র হার্ভার্ডের ছাত্রছাত্রীরা এর সদস্য হতে পারে।
(4) সবাই নানান অজুহাতে অনেকসময় ফেসবুকে কাটায়।

29 ফেসবুক নিয়ে মার্ক জাকারবার্গের প্রাথমিক উদ্দেশ্য ছিল -

(1) তাঁর সহপাঠীরা কে কী করছে তাদের খোঁজখবর রাখা।
(2) ফেসবুককে হার্ভার্ড ক্যাম্পাসে সীমাবদ্ধ রাখা।
(3) ফেসবুককে হাইস্কুল, আন্তর্জাতিক স্কুল ও অফিস-আদালত পর্যন্ত বিস্তৃত করা।
(4) ওয়েবজগতের অন্য দুই পরাশক্তির সঙ্গে একই সারিতে স্থান করে নেওয়া।

www.xtrapapers.com



30 তৃতীয় অনুচ্ছেদে লেখক ফেসবুকের কী সমালোচনা করেছেন?

(1) যেকেউই এখানে সবার সাথে আড্ডা দিতে পারে।
(2) আমাদের ব্যক্তিগত তথ্য অন্যদের কাছে পাচার হয়ে যেতে পারে।
(3) পোষ্ট করা তথ্যগুলো সবসময়ই আক্রমণাত্মক হয়।
(4) এখানে বৈঠকখানায় যোগ দিতে হলে সেই অঞ্চলের বাসিন্দা হতে হবে।

31 শেষ অনুচ্ছেদে লেখকের মতে ফেসবুক একটি খুবই উপকারী মাধ্যম যদি -

(1) একে আমাদের জীবনের সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে আমরা ব্যবহার করি।
(2) একে আমাদের গোপন তথ্য আদান-প্রদানের জন্য আমরা ব্যাপকভাবে ব্যবহার করি।
(3) সকলের সাথেই মুহূর্তের মধ্যেই অন্তরঙ্গ বন্ধু হয়ে যেতে পারি।
(4) আমাদের ফেসবুক পরিচিতির সাথে আসল স্বরূপ মিশিয়ে না ফেলি।

32 সর্বোপরি ফেসবুক সম্পর্কে লেখকের মনোভাব কীভাবে বোঝা যায়?

(1) বিভিন্ন প্রান্তের লোকজনকে একত্রিত করলেও কিন্তু এর বিপত্তির কথা সদস্যদের জানা উচিত।
(2) সমাজের কল্যাণে ব্যবহৃত এমন একটি শক্তিশালী মাধ্যম যার বিকল্প ভাবা যায় না।
(3) এটি প্রযুক্তির এক বিস্ময়কর আবিষ্কার এবং এর অগ্রগতি রোধ করা অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে।
(4) মানুষের পারস্পরিক সম্পর্কে এটি যথেষ্ট ক্ষতি করছে তাই এর উপর সরকারি নিয়ন্ত্রণ প্রয়োজন।

www.xtrapapers.com



**BLANK PAGE**

**TURN OVER FOR SECTION C**

www.xtrapapers.com



## Section C
## বিভাগ গ

*নিচে দেওয়া নিবন্ধটি ভালভাবে পড়ে প্রশ্নগুলোর উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখ।*

### মাদ্রাজের মোৎসার্ট

আর কে শেখরের পুত্র দিলীপকুমারের সঙ্গীতের প্রতি আশৈশব অনুরাগ। চার-পাঁচ বছর বয়সে হারমোনিয়ামে সুর তুলত দিলীপকুমারের আঙুল, সুযোগ পেলেই বাবার সঙ্গে চলে যেত রেকর্ডিং স্টুডিওতে। সাত-আট বছর বয়স থেকেই সে পিয়ানো এবং প্যাডল অর্গানে পশ্চিমী সঙ্গীতের পাঠ নিয়েছিল। কিন্তু বাবার অসুস্থতা ও আকস্মিক মৃত্যুতে তার জীবনের মোড় ঘুরে যায়। দুই বোন ও মাকে নিয়ে চারজনের সংসারের হাল তাকে ধরতে হয়েছিল অপরিণত বয়সেই। অনন্যোপায় হয়ে প্রথমে শুরু হল বাবার বাদ্যযন্ত্র ভাড়া দেওয়া। তারপর কিছুটা পরিচিতির সূত্রে স্টুডিওতে ঢুকে পড়ল। শুরুতে কেবল সহকারী হিসেবে, পরে বাদ্যযন্ত্রী হিসেবে - নিছক জীবিকার তাগিদেই, সঙ্গীতপ্রীতি থেকে নয়।

দিলীপকুমার থেকে রহমান হয়ে ওঠা প্রসঙ্গে তাঁর নিজের কথায়, "বাবা শেষ সময়টা খুব দুরবস্থার মধ্যেই কাটিয়েছেন। প্রায়ই অসুস্থ থাকতেন তিনি। আমার ছোটবেলাটাও মাঝে মাঝে হাসপাতালে কেটেছে। বাবা মারা যাওয়ার পর আমাদের পরিবার প্রায় খাদের কিনারায় এসে দাঁড়িয়েছিল। আমার এক বোনও খুব অসুস্থ হয়ে পড়েছিল। এই সময় দরগার এক পীরসাহেবের সঙ্গে আমাদের যোগাযোগ হয়, উনি বোনের অসুস্থতা সারিয়ে দেওয়ার পাশাপাশি আমাদের মানসিক স্বস্তিও এনে দিয়েছিলেন।"

এই সময় গীটার এবং কী-বোর্ডের সঙ্গে রহমানের ঘনিষ্টতা বাড়ে। বছর দু'য়েক দক্ষিণভারতের বিখ্যাত কিছু সঙ্গীতপরিচালকের সঙ্গে কাজ করার পর সুযোগ আসে স্বাধীনভাবে বিজ্ঞাপন চিত্রের সঙ্গীত এবং জিংগল তৈরির। বয়স বিশ পেরোতে না পেরোতেই বিজ্ঞাপনী ফিল্মের বাজারে চাহিদা তৈরি হয় রহমানের। শুরু হল তাঁর জয়যাত্রা। চার বছরে শ'তিনেক বিজ্ঞাপনী জিংগল তৈরি করে সবাইকে তাক লাগিয়ে দিলেন। তিরিশ সেকেন্ড দীর্ঘ বিজ্ঞাপনে টান টান সঙ্গীত রচনার দক্ষতা থেকেই যাদুসংগীতের সূত্রপাত।

দক্ষিণভারতের কিংবদন্তী গীতিকার ইলিয়া রাজার সান্নিধ্যে এসে সঙ্গীতে কম্পিউটার প্রোগ্রামিং এর দায়িত্ব নেন রহমান, ফলে সঙ্গীতে আধুনিক প্রায়োগিক কৌশল শেখার সুযোগ পান। ক্রমশ রহমানের সঙ্গে সংযোগ ঘটেছে দক্ষিণভারতের যশস্বী চিত্রপরিচালকদের এবং বলিউডের ফিল্মী দুনিয়ার। পরিচালক মণিরত্নমের কাছ থেকে রহমানের ডাক এল 'রোজা' ছবিতে প্রথম সঙ্গীত পরিচালনার। ব্যাস, 'ছোট্টিসি আশা' সঙ্গে সঙ্গেই বাজিমাৎ করে দিল। এগিয়ে চললেন সঙ্গীতপরিচালক রহমান। কুড়িয়েছেন বিশ্বজনের অকুণ্ঠ প্রশংসা, সুখ্যাতি ও সম্মান। 'ছইয়া ছইয়া' গানের কলি স্বদেশে ছেয়ে গিয়ে তার ইংরেজী তর্জমা এখনও লন্ডনের স্টেজ মিউজিক্যালসে অনুরণন তোলে।

বাড়ির সামনে প্রযোজকদের লম্বা লাইন পড়ে, হোক না তাঁর সম্মানী এক কোটি টাকা! তাঁর প্রতিভার স্বীকৃতিস্বরূপ পেয়েছেন আমেরিকা থেকে 'অস্কার' এবং 'বৃটিশ ফিল্ম ইন্ডাস্ট্রী এওয়ার্ড'। ভারত সরকারের কাছ থেকে পেয়েছেন সর্বোচ্চ সম্মানসূচক উপাধি 'পদ্মভূষণ' এবং 'পদ্মশ্রী'। পুরস্কারের তালিকা অত্যন্ত দীর্ঘ। এছাড়াও চেন্নাইয়ের আন্না বিশ্ববিদ্যালয় থেকে পেয়েছেন 'সম্মানসূচক ডক্টরেট' উপাধি। দেশে-বিদেশে মিলে তাঁর গানের রেকর্ড বিক্রির সংখ্যা তিন কোটি ছাড়িয়ে গেছে। সুরের জগতে রহমান এখন মাদ্রাজের মোৎসার্ট নামেই পরিচিতি পাচ্ছেন।

www.xtrapapers.com



## C6 OE Comprehension [36]

*বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন*

*এখন বাংলায় যথাসম্ভব তোমার নিজের ভাষায় নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।*

33 রহমান যে শৈশব থেকেই একজন সার্থক সঙ্গীতশিল্পী তা কীভাবে বোঝা যায়? **চারটি** তথ্য দাও।

34 সঙ্গীতজগতে রহমানের আবির্ভাব "নিছক জীবিকার তাগিদেই, সঙ্গীতপ্রীতি থেকে নয়।" **চারটি** উদাহরণসহ ব্যাখ্যা কর।

35 জীবনের কোন কোন ঘটনার কারণে রহমান ধর্মান্তরিত হয়েছিলেন?

36 গীটার ও কীবোর্ডে হাত পাকানোর পরে রহমানের সঙ্গীতজীবনে কীভাবে উল্লেখযোগ্য সাফল্য এল **চারটি** উদাহরণসহ বিশ্লেষণ কর।

37 রহমানের জীবনে অপ্রত্যাশিত সাফল্যের পিছনে কার কার অবদান উল্লেখযোগ্য এবং এদের **দু'টি** অবদানের কথা উল্লেখ কর।

38 সঙ্গীতজগতে রহমানের প্রতিভা কীভাবে স্বীকৃতি পেল **চারটি** উদাহরণসহ বুঝিয়ে দাও।

## C7 Vocabulary [10]

*শব্দার্থ*

*উপরের অনুচ্ছেদ থেকে নেওয়া নিচের শব্দগুলোর অর্থ লেখ।*

39 আশৈশব

40 আকস্মিক

41 কিনারায়

42 যশস্বী

43 সর্বোচ্চ

**End of Paper**

www.xtrapapers.com



**BLANK PAGE**

*Copyright Acknowledgements:*

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.

© UCLES 2013